


# ফিফা ১৬ ডেমো

**গেমিং কন্সোল ফিফা ১৬ ডেমো, ৮ সেপ্টেম্বর অবমুক্ত হবে, যা হবে এক্সবক্স ওয়ান, প্লেস্টেশন ফোর, পিসি, এক্সবক্স ৩৩০ ও প্লেস্টেশন ৩৬০-এর উপযোগী। ইএ স্পোর্টস বলেছে, লোকেশন ও প্লাটফরমের ওপর ভিত্তি করে গেম কন্সোল অবমুক্ত হবে। এ নিয়ে এবার লিখেছেন রন সুমিত ও সিয়াম মাহদি**

## যেভাবে ফিফা ১৬ ডেমো ডাউনলোড করবেন

উইন্ডোজভিত্তিক পিসিতে ৮ সেপ্টেম্বর থেকে অরিজিনের মাধ্যমে ডাউনলোড করতে পারবেন।


প্লেস্টেশন ৩ ও প্লেস্টেশন ৪ পিএসএন স্টোর থেকে ডাউনলোড করতে পারবেন ৮ সেপ্টেম্বর থেকে।

## এক্সবক্স ৩৬০ ও এক্সবক্স ওয়ান

এক্সবক্স মার্কেটপ্লেস থেকে ডাউনলোড করতে পারবেন ৮ সেপ্টেম্বর থেকে।

## যা যা থাকবে ডেমোতে

কিক অফ : এল ক্লাসিকো, রিয়াল মাদ্রিদ সিএফ ও এফসি বার্সেলোনা ফিফা ১৬ ডেমোতে প্রথমবারের মতো পিসি এক্সবক্স ওয়ান ও পিএস ফোরে পাওয়া যাবে।







## ফিফা আল্টিমেট ড্রাফট

ফুট ড্রাফট আমাদের সতর্কভাবে দল গঠন করে অফলাইনে ম্যাচ খেলার সুযোগ করে দেবে।

## ফিফা ট্রেইনার

আমরা ফিফা ১৬ ডেমোতে নিজের দক্ষতা যাচাই করার জন্য নতুন ট্রেনিং সিস্টেম পাওয়া যাবে, যা আমাদেরকে সাহায্য করবে কিক অফ ও ফুট ড্রাফটে।

## নিউ স্কিল গেম

এখানে নতুন স্কিল গেম পাওয়া যাবে।

## বুন্দেসলিগা ব্রডকাস্ট প্রেজেন্টেশন

এক্সবক্স ওয়ান, প্লেস্টেশন ৪ ও পিসির জন্য নতুন করে সংযোজন করা হয়েছে।

## ক্লাব

* এফসি বার্সেলোনা * বরুশিয়া ডর্টমুন্ড
* বরুশিয়া * চেলসি ফুটবল ক্লাব
* ইন্টার মিলান * ম্যানচেস্টার শহর
* প্যারিস সেন্ট জার্মেই * রিয়াল মাদ্রিদ নদী প্লেট * সিয়াটেল

**মহিলাদের জাতীয় দল :** জার্মানি, যুক্তরাষ্ট্র।

**দ্রষ্টব্য :** মহিলাদের জাতীয় দল অন্যান্য মহিলা জাতীয় দলের বিরুদ্ধে একচেটিয়াভাবে প্রতিযোগিতা করবে।

এবার জেনে নেয়া যাক, বাংলাদেশের ফিফা সম্পর্কিত প্রতিষ্ঠিত ফেসবুক গ্রুপগুলো :

Bangladesh origin fifa Gamers :
https://www.facebook.com/groups/ORIGIN.BD/
FIFA Players of Bangladesh™ :
https://www.facebook.com/groups/FifaBD/

আর যারা অরিজিনাল গেমের অনলাইন ফিচারগুলা উপভোগ করতে চান তারা এই ফেসবুক পেজ থেকে সেই সুযোগ নিতে পারেন :

Eccentric Gaming :
https://www.facebook.com/0Eccentric0
BY:RON SUMIT

গেমের জগৎ

## আলফা : ব্লাড

ব্লাড সিরিজের সর্বশেষ সংযুক্তি 'আলফা' সিরিজটিকে একটি নতুন উচ্চতায় নিয়ে গেছে। আলফা : ব্লাডে আছে টানটান উত্তেজনা, অদ্ভুত নাটকীয়তা আর অবশ্যই রক্তক্ষয়, যদিও সত্যিকারের নয় অবশ্যই দুর্দান্ত স্ট্র্যাটেজিক শুটিং গেম আবহের গ্রাফিক্স আর অনেকটাই বাস্তব শব্দকৌশল গেমারকে বাস্তব আর গেমিংয়ের অপূর্ব সমন্বয়কে জীবন্ত করে তুলবে। গেমার আরও সুবিধা পাবে লাইফ রিজেনারেশন, শিল্ড রিজেনারেশন, পয়েন্টেড শুটিং ও বহু কিছু থেকে।

আলফার প্রতিটি বাঁকে লুকিয়ে আছে অদ্ভুত কিছু পৌরাণিক গাথা। গেমারকে খুঁজে বেড়াতে হবে প্রাচীন সব গুপ্তধন, জিততে হবে ভয়ঙ্কর সব যুদ্ধ, পার হতে হবে কুটিল সব গোলকধাঁধা। সম্পূর্ণ ক্লাসিক আর্ট স্টাইল এই গেমটি যেকোনো গেমার তথা গেমিংবোদ্ধাদেও প্রশংসা কুড়াবে। আর এরপর থেকেই ঘটতে থাকে অদ্ভুত সব ঘটনা, হঠাৎ করে শত্রুর আবির্ভাব আবার তাদের তিরোধান সবকিছুই অদ্ভুতভাবে আর অদ্ভুত সময়ে তাই যেকোনো কিছুর জন্য প্রস্তুত থাকা ছাড়া কোনো বিকল্প নেই। আর সাত থেকে নয় ঘণ্টার টানা ক্যাম্পেইন মুডে গেমারের একদমই একঘেয়েমি লাগবে না। কারণ পুরো গেমেই রয়েছে চনমনে ডায়ালগ, ন্যারেশন আর চমকপ্রদ স্টোরিলাইন, যা গেমারকে মুগ্ধ করবে।

যারা এই সিরিজের একেবারেই নতুন গেমার তাদের শুরুর দিকে একটু ঝামেলা হতে পারে গেমিং কন্ট্রোল নিয়ে। কারণ মাউস-কিবোর্ড মুভমেন্ট দিয়ে গেমের অনেকখানি চালাতে হবে। আর যদি পুরনো গেমার হয়ে থাকেন তাহলে নিঃসন্দেহে পুরোপুরি বাস্তব মডেলের অস্ত্র ও আর্সেনাল আপনাকে করবে মন্ত্রমুগ্ধ।



আলফার আর্টিস্টিক অ্যাকশন গেমপ্লে অসম্ভব আনন্দপূর্ণ ও মজাদার। আর তারচেয়েও মজাদার নানা ধরনের অ্যান্টিক অস্ত্র, ডিনামাইট, স্মোক বম্ব দিয়ে যুদ্ধ হয়ে উঠেছে তীক্ষ্নতাসম্পন্ন। যারা অভিজ্ঞ গেমার তারা বেশ আয়েশ করে হেডশট করতে পারবেন আর তার জন্য আছে লোভনীয় এক্সপেরিয়েন্স পয়েন্টস।

### গেম রিকোয়ারমেন্ট

**উইন্ডোজ :** ৭/৮, **সিপিইউ :** কোরআই৩/এএমডি সমমানের, **র‍্যাম :** ৪ গিগাবাইট, **ভিডিও কার্ড :** ৫১২ মেগাবাইট, **হার্ডডিস্ক :** ২.৫ গিগাবাইট, সাউন্ড কার্ড, কিবোর্ড ও মাউস কজ

## ফিংগার্ড

অদ্ভুত এক আরম্ভ, প্রথম প্রথম গেমটা শুরু করে কোনো কিছুর সাথেই কোনো কিছু মিলানো যাবে না। সবকিছুকে বেশ অগোছালো আর অপ্রয়োজনীয় মনে হবে। স্ট্র্যাটেজি- আরপিজি জনরার এই গেমটিতে সবকিছু আরও ট্যাক্টিকাল আরও স্ট্র্যাটেজিকাল, বলা যায় এই ঘরানার সাম্প্রতিক গেমগুলো থেকে চারগুণ। ঠিক চারগুণ কেন, সেটা আমি বলব না গেমারেরা নিজেরাই অনুভব করতে পারবেন।

গেমার তার বিশাল ডেকজুড়ে যেভাবে খুশি, যা দিয়ে ইচ্ছে করে তার নিজস্ব ফ্যান্টাসি রাজ্য গড়ে তুলতে পারবে। আর একবার শুরু করলে একেকটি প্লে-থ্রু দুই থেকে সাত ঘণ্টা পর্যন্ত লম্বা হতে পাওে, যার পুরোটা সময়েই গেমার ফিংগার্ডের সাথে মন্ত্রমুগ্ধ হয়ে থাকবে। ফিংগার্ড এবং তার গেমপ্লের আগের রেট্রো কার্ড গেমিং থেকে আরও উন্নত এবং কুশলী গ্রাফিক্স ও সাউন্ড কোয়ালিটিসমৃদ্ধ, যা সত্যিকার অর্থেই গেমটিকে শ্রেষ্ঠত্বের লড়াইয়ে বহুদূর যেতে সাহায্য করেছে। গেমে যুক্ত হয়েছে নতুন ডিফিকাল্টি, যা বিভিন্ন ডেক অ্যাপিয়ারেন্স আর পাওয়ার রেঞ্জকে সমৃদ্ধ করেছে। মুডভিত্তিক পাওয়ার আপ যেমন গেমারকে নতুন সুরক্ষা দেবে, তেমনি শত্রুদের জন্যও আবহাওয়া অনেক সময় শাপেবর হয়ে উঠতে পারে। আছে নানা প্রোফাইলের ক্রিমিনাল, যাদের নিয়ে পরবর্তী সময় নিজস্ব সেনাবাহিনীও গঠন করা যাবে। জলপথ, আকাশপথ এবং স্থলপথ সব মিলিয়ে বেশ বিশাল আকারের বৈচিত্র্য পাওয়া যাবে সেনাবাহিনী গঠন করার সময়। সেই বিচিত্র সেনাবাহিনী নিয়ে যুদ্ধ করতে হবে তারচেয়েও বিচিত্র শত্রুদের সাথে।




মনে হবে যে খুব সোজা। আসলে সেরকম নয়। আগের চেয়ে ফার্স্ট লেভেল হিরোদের পাওয়ার আর যেকোনো সাধারণ সৈন্যের চেয়ে খুব একটা বেশি নয়। তাই হিরোদের জন্য অপেক্ষা না করে গেমারকে নিজ থেকেই গড়ে তুলতে হবে প্রশিক্ষিত এবং অভিজ্ঞ সেনাবাহিনী। আর সেনাবাহিনীর শক্তিমত্তার ওপরই নির্ধারিত হবে গেমারের ডেকের ভাগ্য। আছে সম্পূর্ণ আরপিজি ঘরানার ট্যালেন্ট ট্রি, যা দিয়ে নিজের ইচ্ছেমতো সভরেইনের পাওয়ার বণ্টন করা যাবে। আছে অসম্ভব সুন্দর রিক্রুটমেন্ট সিস্টেম, যা দিয়ে খুব সহজেই সম্পদ আর কার্ডসের মধ্যে ভারসাম্য রক্ষা করা যাবে।

আগের ভার্সনগুলো থেকে ফিংগার্ডের ব্যটল প্ল্যান মারাত্মক উন্নত। গেমার প্রতিমুহূর্তেই অনুভব করবেন সেনাপতি সেজে যুদ্ধে নেতৃত্ব দেয়ার উদ্দীপনা। ক্ষণে ক্ষণে বদলে যাওয়া আবহ আর স্ট্র্যাটেজি গেমারকে সত্যিকারের চ্যালেঞ্জের সম্মুখীন করবে। আর যুদ্ধের মাঝে অনিন্দ্যসুন্দর রেট্রো গ্রাফিক্সের কথা ভুললেও চলবে না। তাই কার্ড গেমারেরা আর দেরি না করে এখনই লম্বা একটা সময় পার করতে প্রস্তুত হয়ে যান ফিংগার্ডের সাথে।

### গেম রিকোয়ারমেন্ট

**উইন্ডোজ :** এক্সপি/ভিসতা/৭, **সিপিইউ :** কোর টু ডুয়ো/এএমডি অ্যাথলন, **র‍্যাম :** ১ গিগাবাইট উইন্ডোজ এক্সপি/২ গিগাবাইট উইন্ডোজ ভিসতা/৭, **ভিডিও কার্ড :** ১২৮ মেগাবাইট, **হার্ডডিস্ক :** ০.৫ গিগাবাইট, সাউন্ড কার্ড, কিবোর্ড ও মাউস কজ